Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 15 April, 2025

নেত্রকোণার কলমাকান্দায় চতুর্থ শ্রেণিতে মাদ্রাসায় পড়ুয়া এক ছাত্রীকে (১৩) ধর্ষণের অভিযোগ উঠেছে এক মুদি দোকানির বিরুদ্ধে।এ ঘটনায় ওই ছাত্রীর বাবা বাদি হয়ে মঙ্গলবার সকালে মোজাম্মেল হোসেন (৫৫) নামের এক মুদি দোকানিকে আসামি করে কলমাকান্দা থানায় একটি মামলা দায়ের করেন।

পুলিশ মোজাম্মেল হোসেনকে গ্রেফতার করে মঙ্গলবার দুপুরে নেত্রকোনা আদালতে পাঠিয়েছেন।মোজাম্মেল হোসেন উপজেলার লেংগুরা ইউনিয়নের দক্ষিণ চৈতানগর গ্রামের মৃত আলা উদ্দিনের ছেলে।

লিখিত অভিযোগ সূত্রে জানা গেছে, গত ১৫ জানুয়ারি সকালে ওই ছাত্রী মাদ্রাসায় পরীক্ষার ফি দেওয়ার জন্য তার বাবার কাছ থেকে ১৩০ টাকা নেয়।মাদ্রাসায় যাওয়ার পথে মোজাম্মেল হোসেনের দোকান থেকে ১০টাকার দামের একটি কলম কিনে মনের ভুলে বাকী টাকা দোকানে ফেলে রেখে চলে যায়।কিছুসময় পর ফেলে আসা টাকা আনতে পুনরায় মোজাম্মেলের দোকানে যায় ওই ছাত্রী।এসময় মোজাম্মেল বলেন দোকানে টাকা নেই।বাড়ি গিয়ে তার স্ত্রীর কাছ থেকে টাকা আনতে।পরে সে মোজাম্মেলের বাড়িতে টাকা আনতে যায়।এসময় মোজাম্মেল ওই ছাত্রীর পিছু নেন।সে ঘরে প্রবেশ করতেই মোজাম্মেল ঘরের দরজা বন্ধ করে হাত-মুখ বেঁধে জোর পূর্বক ধর্ষণ করেন।পরে ১৭ ও ১৯ জানুয়ারি চাকু দিয়ে তয় দেখিয়ে পুনরায় ওই ছাত্রীকে ধর্ষণ করেন মোজাম্মেল।আর এ ঘটনাটি কাউকে বললে ওই ছাত্রীকে প্রাণে মেরে ফেলবে বলেও তয় দেখান মোজাম্মেল।এরপর থেকে ওই ছাত্রী মাদ্রাসায় যেতে রাজি হচ্ছিলনা।কেন সে মাদ্রাসায় যেতে চায়না এর কারণ তার মা জানতে চাইলে কয়েকদিন পর বিষয়টি সে তার মার কাছে খুলে বলে।এ ঘটনায় মঙ্গলবার ওই ছাত্রীর বাবা বাদি হয়ে কলমাকান্দা থানায় ধর্ষণের অভিযোগে একটি মামলা দায়ের করেন।

কলমাকান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ ফিরোজ হোসেন জানান, মঙ্গলবার সকালে এক ছাত্রীর বাবা বাদী হয়ে মোজাম্মেল হোসেনের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা দায়ের করেছেন। মামলার পরপরই মোজাম্মেল হোসেনকে আটক করে তুপুরে নেত্রকোণা আদালতে পাঠানো হয়।একই সঙ্গে ভুক্তভোগী ছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা এবং আদালতে ২২ ধারায় জবানবন্দি প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

মাদ্রাসা মাদ্রাসা ছাত্রী ধর্ষণ আটক

URL: https://timestodaybd.com/mymensingh/775807860